দৈনিক বাংলা

তারিখ ১।৫।৭৯
পৃষ্ঠা ৫ কলাম ৫

119

# শিক্ষকদের বর্ধিত বেতন প্রদানের ব্যবস্থা হচ্ছে

সরকার বেসরকারী কলেজ, স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের যে বর্ধিত বেতন মঞ্জুর করেছেন তা শিক্ষকদের কাছে পেঁছে দেবার ব্যবস্থা করা হচ্ছে।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের আহবায়ক মওলানা আবদুল মান্নান শুক্রবার এক বিবৃতিতে একথা জানান। খবর বাসসর।

মওলানা মান্নান বলেন, শিক্ষা প্রতিমন্ত্রী ও ডিপিআই তাকে জানিয়েছেন যে মাধ্যমিক স্কুল ও মাদ্রাসা (ফাজেল পর্যন্ত) শিক্ষকরা ডেপুটি ডিপিআই-এর কাছ থেকে বর্ধিত বেতনের মেমো পাবেন এবং কলেজ ও মাদ্রাসা (টাইটেল পর্যন্ত) শিক্ষকরা ডিপিআই অফিস থেকে মেমো পাবেন।

শিক্ষক ফেডারেশন নেতা জানান, শিক্ষক প্রতিনিধি ও সরকারী কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটি শিক্ষকদের সার্ভিস রোল সম্পর্কে আলোচনা করছেন। কমিটির একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আরো কয়েকটি বৈঠকের পর রিপোর্ট চূড়ান্ত হবে বলে তিনি আশা করেন।